

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩১

১/ পবিত্রতা রাসূলুল্লাহ الله عن رسول الله عن الله عن

পরিচ্ছেদঃ ৯৮. নাপাক ব্যাক্তি ও ঋতুবতী নারী কুরআন তিলাওয়াত করবে না

باب مَا جَاءَ فِي الْجُنُبِ وَالْحَائِضِ أَنَّهُمَا لاَ يَقْرَآنِ الْقُرْآنَ

আরবী

حَدَّقَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، وَالْحَسَنُ بْنُ عَرَفَةَ، قَالاَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، عَنْ مُوسَى بْنِ عُفْبَةَ، عَنْ نَافِعٍ، عَنِ الْبْرِ عُمْرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ تُقْرَإِ الْحَائِضُ وَلاَ الْجُنُبُ شَيْئًا مِنَ الْقُرْآنِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثٍ إِسْمَاعِيلَ بْنِ عَيَّاشٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ يَقْرَإِ الْجُنُبُ وَلاَ الْحَائِضُ " . وَهُو عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ يَقْرَإِ الْجُنُبُ وَلاَ الْحَائِضُ " . وَهُو عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ وَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ مَثْلُ الْعُلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ مَثْلُ الْعُلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ وَلاَ الْحَائِشُ وَلاَ الْعَلْمِ مِنْ أَصْرَكِ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا لاَ تَقْرَأُ الْحَائِضُ وَلاَ الْجُنُبُ مِنَ الْقُرْآنِ شِيْئًا إِلاَّ طَرَفَ الآيَة وَالْحَرْفِ وَنَحْوَ ذَلِكَ وَرَخَّصُوا لِلْجُنُبُ وَالْمَاعِيلَ بَنُ عَيَّاشٍ الْمُعْتِيلَ يَقُولُ إِنَّ إِسْمَاعِيلَ بْنَ عَيَّاشٍ فِيمَا غِيلَ الشَّامِ وَالْمَالِيلَ بْنُ عَيَّاشٍ عَنْ أَهْلِ الشَّامِ . وَقَالَ أَحْمَدُ بْنُ وَلَاكُ أَرْفُ عِيسَى عَنْ أَهْلِ الشَّامِ . وَقَالَ أَحْمَدُ بْنُ وَلَاكُ أَبُو عِيسَى عَنْ أَهْلُ الشَّأَمِ . وَقَالَ أَحْمَدُ بْنُ وَلَكُ أَنْ وَمَدُ بُنُ لُو لُولِيقِيَّةً وَلِبَقِيَّةً أَحَادِيثُ مَنَاكِيرُ عَنِ التَّقَاشِ أَمْدُ بُنُ الْحَسَنِ قَالَ الْمَعْمُ فُيلًا الْمُعْمَلُ السَّامِ عَلَى الْوَقَاتِ . قَالَ أَلْمُ مَلْ السَّامُ عَنْ الْمُلْ السَّامِ الْمَعْمَلُ الْمُ الْمُ الْمُعْمَلُ الْمُ الْمُعْمَلُ الْمُ الْمُ عَلَى الْمُعْمَلُ الْمُعَلِي عَنْ الْمُعْمَلُ الْمُ الْمُ الْمُ الْمُ الْمُعْمَلُ الْمُ الْمُعْمَلُ الْمُ الْمُ الْمُعْمَلُ الْمُعَلِي الْمُعُمْ الْمُ الْمُولِ الْمَالِ الْمُعَامِلُ الْمُع

বাংলা

১৩১। ইবনু উমর (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ঋতুবতী নারী ও নাপাক ব্যক্তি (যার উপর গোসল ফরয) কুরআনের কোন অংশ তিলাওয়াত করবে না।

মুনকার, ইবনু মাজাহ (৫৯৫)



এ অনুচ্ছেদে আলী (রাযিঃ) হতে বর্ণনাকৃত হাদীসও আছে। আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি ইসমাঈল ইবনু আইয়াশ একটি মাত্র সনদ সূত্রেই বর্ণনা করেছেন যে, নাপাক ব্যক্তি ও হায়িযগ্রস্তা নারী কুরআন তিলাওয়াত করবে না। এ সূত্র ব্যতীত অন্য কোন সূত্রে আমরা উপরোক্ত হাদীস জানতে পারিনি। বেশিরভাগ বিশেষজ্ঞ সাহাবা ও তাবিঈ এটাই বলেছেন। তাদের পরবর্তীগণ যেমন, সুফইয়ান সাওরী, ইবনুল মুবারাক, শাফিঈ, আহমাদ ও ইসহাক বলেনঃ নাপাক ও হায়িয অবস্থায় কুরআনের কোন অংশ তিলাওয়াত করবে না; কিন্তু কোন আয়াতের অংশবিশেষ অথবা শব্দ ইত্যাদি পাঠ করতে পারবে। তারা নাপাক ব্যক্তি ও হায়িযগ্রস্তা নারীকে তাসবীহ-তাহলীল (সুবহানাল্লাহ, লা-ইলা-হা ইল্লাল্লা-হ ইত্যাদি) পড়ার অনুমতি দিয়েছেন।

ইমাম তিরমিয়ী বলেনঃ আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈল (বুখারী)-কে বলতে শুনেছি, এ হাদীসের এক রাবী ইসমাঈল ইবনু আইয়াশ, হিজায় ও ইরাকবাসীদের হতে অস্বীকৃত (মুনকার) হাদীসগুলো বর্ণনা করে থাকে। ইমাম বুখারী তাদের সূত্রে বর্ণিত তার এ ধরনের একক বর্ণনাগুলোকে য'ঈফ বলতে চান। তিনি আরো বলেছেন, সিরিয়াবাসীদের নিকট হতে বর্ণিত ইসমাঈল ইবনু আইয়াশের হাদীসগুলো শক্তিশালী। আহমাদ ইবনু হাম্বাল বলেছেনঃ ইসমাঈল ইবনু আইয়াশ বাকিয়ার তুলনায় অনেক ভাল। কেননা বাকিয়া সিকাহ রাবীদের বরাতে মুনকার হাদীস বর্ণনা করেছেন। আবূ ঈসা বলেনঃ আহমাদ ইবনু হাসান আমাকে এ কথা বলেছেন। তিনি বলেছেন, আমি আহমাদ ইবনু হাম্বালকে এ কথা বলতে শুনেছি।

English

Ibn Umar narrated that:

the Prophet said: "The menstruating woman does not recite - nor the Junub - anything from the Qur'an." [He said:] There is narration on this topic from Ali

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন